# দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 NOV 1994 ...
পৃষ্ঠা ১২ কলাম ২

পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবি

## বরিশালে ডিসি অফিস ঘেরাও ।। গাড়ি ভাংচুর লাঠিচার্জ

স্টাফ রিপোর্টার, বরিশাল॥ নতুন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে বিভিন্ন কলেজের দ্বাদশ শ্রেণীর বিক্ষুব্ধ ছাত্ররা শনিবার সকালে ডিসি'র কার্যালয়ে ইটপাটকেল নিক্ষেপ এবং একটি গাড়ি ভাংচুর করে। এ সময় পুলিশ লাঠিচার্জ করলে ১০ ছাত্র আহত হয়।

ছাত্ররা রবিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত শহরের ব্যস্ততম সড়ক, সদর রোড অবরোধের কর্মসূচী ঘোষণা করে।

শনিবার সকালে বিক্ষুব্ধ ছাত্ররা বিভিন্ন কলেজ থেকে মিছিল সহকারে এসে ডিসি অফিস ঘেরাও করে। অতর্কিতে ছাত্ররা ডিসি'র কার্যালয়ে ইটপাটকেল নিক্ষেপ শুরু করে এবং একটি গাড়ি ভাংচুর করে। পুলিশ এ সময় লাঠিচার্জ করে এবং দু'ছাত্রকে আটক করে। আটক করা দুই ছাত্রকে পরে ছেড়ে দেয়া হয়।